**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 08-06-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ নরেন্দ্র মোদী আগামীকাল তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী পদে শপথ নিতে চলেছেন।

২/ লোকসভা ভোটে নব নির্বাচিত সাংসদদের নিয়ে তৃণমূল কংগ্রেস আজ বৈঠকে বসছে।

৩/ ভোট পরবর্তী হিংসার ঘটনায় বীরভূমের সাহাপুরে ৮ তৃণমূল কংগ্রেস কর্মী গ্রেফতার।

৪/ কলকাতায় বাংলাদেশের সাংসদ আনোয়ারুল আজিমের খুনের ঘটনায় আরেক অভিযুক্ত সিয়ামকে কাঠমাণ্ডুতে গ্রেফতার করেছে নেপাল পুলিশ। তাকে কলকাতায় আনার তোড়জোড় শুরু হয়েছে।

৫/ শিয়ালদা স্টেশনে প্ল্যাটফর্মে সংস্কারের কাজের জন্য মেইন ও বনগাঁ শাখায় ট্রেন চলাচলা নিয়ন্ত্রিত হওয়ায় চরম দুর্ভোগে যাত্রীরা।

৬/ দক্ষিণবঙ্গে ঘর্মাক্ত গরমে হাঁসফাঁস করছে মানুষ। আবহাওয়া দপ্তর, বিভিন্ন জেলায় তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে।

**********************************************************************

শীর্ষ বিজেপি নেতা নরেন্দ্র মোদী আগামীকাল তৃতীয়বারের জন্যে প্রধানমন্ত্রী পদে শপথ নেবেন। রাষ্ট্রপতি ভবনে এই শপথ গ্রহণ অনুষ্ঠান হবে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, নরেন্দ্র মোদী ও তাঁর মন্ত্রিসভার অন্য সদস্যদের শপথ বাক্য পাঠ করাবেন। কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশী গতকাল নতুন দিল্লিতে NDA সংসদীয় দলের বৈঠকের পর সাংবাদিকদের এ'কথা জানান।

উল্লেখ্য, জওহরলাল নেহেরুর পর নরেন্দ্র মোদীই পরপর তিনবার প্রধানমন্ত্রী পদে আসীন হতে চলেছেন।

এর আগে NDA সংসদীয় দল, নরেন্দ্র মোদীকে সর্বসম্মতভাবে তাঁদের নেতা নির্বাচিত করে। প্রবীণ বিজেপি নেতা রাজনাথ সিং এই মর্মে একটি প্রস্তাব উত্থাপন করলে, NDA-এর সব শরিক দলই তাঁকে সমর্থন জানায়।

পরে নরেন্দ্র মোদী বলেন, NDA এমন কোনো দলের জোট নয়, যারা ক্ষমতার জন্য একসঙ্গে হয়েছে। এই জোটের উদ্দেশ্য হল দেশের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে ঐক্যবদ্ধ হয়ে কাজ করা। নতুন NDA সরকার, সুপ্রশাসন, উন্নয়ন, সাধারণ মানুষের জীবনে ন্যূনতম হস্তক্ষেপ সহ বিভিন্ন বিষয়ে অগ্রাধিকার দেবে বলে তিনি জানান।

***************************

লোকসভা নির্বাচনে নব নির্বাচিত সাংসদ, দুই বিধানসভা উপনির্বাচনে জয়ী বিধায়ক এবং পরাজিত প্রার্থীদের নিয়ে তৃণমূল কংগ্রেস আজ এক বৈঠকে বসতে চলেছে। দলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে কালীঘাটে তাঁর বাসভবনে এই বৈঠক হবে। দলের রাজ্যসভার সাংসদদেরও এতে আমন্ত্রণ জানানো হয়েছে।

নব নির্বাচিত সাংসদদের শুভেচ্ছা জানানোর পাশাপাশি, INDIA জোটে থেকে আগামী দিনে তাঁদের ভূমিকা কি হবে, সেই নিয়ে বৈঠকে আলোচনা হওয়ার সম্ভাবনা। এছাড়া, যে সমস্ত আসনে প্রার্থীরা পরাজিত হয়েছেন, তার কারণ'ও খতিয়ে দেখা হবে বলে মনে করা হচ্ছে।

এদিকে, বিরোধী INDIA জোট কেন্দ্রে একটি তৃতীয় ফ্রন্ট তৈরির জন্যে উদ্যোগী হয়েছে। জোটের অন্যতম সঙ্গী তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজও টেলিফোনে, দিল্লিতে অভিষেক ব্যানার্জি এবং জোটের বিভিন্ন শরিক নেতাদের সঙ্গে কথা বলেন।

দলীয় সূত্রে জানা গিয়েছে, তৃতীয় ফ্রন্ট তৈরির কথা মাথায় রেখে জোটের তরফে JDU নেতা নীতিশ কুমার ও TDP নেতা এন চন্দ্রবাবু নাইডুর সঙ্গেও কথা হয়েছে।

**************************

নির্বাচন কমিশন , লোকসভা ভোটের পর রাজ্যের বিধায়ক-শূন্য ১০'টি বিধানসভা আসনে উপনির্বাচনের উদ্যোগ নিচ্ছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে, কমিশনের পক্ষ থেকে মুখবন্ধ খামে ভোটের দিনক্ষণ জানিয়ে সুপ্রিম কোর্টে একটি প্রস্তাব জমা দেওয়া হয়েছে।

উল্লেখ্য, এবারের লোকসভা ভোটে বেশ কিছু বিধায়ক প্রার্থী হওয়ায় দক্ষিণবঙ্গের বনগাঁ, রানাঘাট, মেদিনীপুর, নৈহাটি, হাড়োয়া, তালড্যাংরা এবং উত্তরবঙ্গের রায়গঞ্জ, মাদারিহাট ও সিতাই- এই ৯'টি আসন শূন্য হয়।

অন্যদিকে, বছর দুয়েক আগে বিধায়ক সাধন পান্ডের মৃত্যুতে কলকাতার মানিকতলা আসনটি'ও শূন্য হয়। ছয় মাসের মধ্যে শূন্য আসনে ভোট করানোর কথা থাকলেও আইনি জটিলতায় এখনও তা' করানো সম্ভব হয়নি।

**************************

লোকসভা নির্বাচনে তাঁর পরাজয়, কৃষ্ণনগরের বিজেপি প্রার্থী রাজবধূ অমৃতা রায় মেনে নিতে পারছেন না। গতকাল সংবাদ মাধ্যমের কাছে তিনি জানান, দলীয় কাজের জন্য আসা টাকার খবর তাঁর কাছে আসতো না, তার সদ্ব্যবহার'ও হয়নি এবং কিছু নেতা খরচের কোন হিসাব দেননি। তাঁর আরো অভিযোগ-

( বাইট- অমৃতা )

**************************

লোকসভা নির্বাচনে কোচবিহারে নিশীথ প্রামাণিকের পরাজয়ের পর বিজেপি পরিচালিত ভেটাগুড়ি দুই গ্রাম পঞ্চায়েতের উপপ্রধানসহ ন'জন পঞ্চায়েত সদস্য গতকাল তৃণমূল কংগ্রেসে যোগদান করেছেন।

১৮ আসন বিশিষ্ট এই গ্রাম পঞ্চায়েতে আগেই ৬'জন তৃণমূল সদস্য ছিলেন। এই ৯'জন বিজেপি সদস্য যোগ দেওয়ায় এই সংখ্যা দাঁড়ালো- ১৫। অন্যদিকে বিজেপির সংখ্যা দাঁড়ালো-৩ । তবে, বিজেপি প্রধান এখনও তৃণমূলে যোগ দেননি।

বিজেপির দাবি, ভয় দেখিয়ে পঞ্চায়েত সদস্যদের যোগদান করানো হয়েছে।
অন্যদিকে, সিতাই বিধানসভার মাতালহাট গ্রাম পঞ্চায়েত'ও বিজেপির হাতছাড়া হল। প্রধান সহ ১৫ জন বিজেপি সদস্যই শাসক দলে যোগ দেন।
এর আগে শীতলকুচির নয়ারহাট গ্রাম পঞ্চায়েত প্রধান তৃণমূলে যোগদান করায় সেটিরও দখল নেয় তৃণমূল ।

**************************

রাজ্যের বিভিন্ন জেলা থেকে ভোট পরবর্তী হিংসা ও অশান্তির খবর মিলেছে।
বীরভূমের সাহাপুরে বৃহস্পতিবার, ভোট পরবর্তী হিংসার জেরে সদাইপুর থানার পুলিশ ৮ তৃণমূল কংগ্রেস কর্মীকে গ্রেফতার করেছে। ধৃতদের গতকাল সিউড়ি আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়। বিজেপির পক্ষ থেকে আরো ৫০ জনের নামে অভিযোগ দায়ের করা হয়েছে ।
উল্লেখ্য, সাহাপুর গ্রামের কয়েকটি বাড়িতে তৃণমূল কংগ্রেসের বিজয় মিছিল থেকে ঢিল ছোঁড়া ও বেশ কয়েকটি বাড়িতে ভাঙচুর চালানো হয় বলে অভিযোগ। আক্রান্ত হন বিজেপির বুথ সভাপতির ভাই ও বাবা।
অন্যদিকে, ভোট পরবর্তী হিংসার অভিযোগ জানাতে, বিজেপির এক প্রতিনিধি দল গতকাল জেলা পুলিশ সুপারের কাছে এক স্মারকলিপি জমা দিতে যান। সুপার না থাকায় তা' দেওয়া হয় অতিরিক্ত পুলিশ সুপারের কাছে।
এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীর'ও অভিযোগ, ভোট গণনার পর থেকে রাজ্য জুড়ে সন্ত্রাস চলছে। তাদের দলীয় কর্মী ও ভোটদাতাদের ওপর শাসক দল বিভিন্নভাবে অত্যাচার করছে। তৃণমূল কংগ্রেস মুর্শিদাবাদে ধর্মীয় বিভাজন করে ভোটারদের বিভ্রান্ত করাতেই তিনি পরাজিত হয়েছেন বলে পাঁচবারের কংগ্রেস সাংসদ অভিযোগ করেন।

**************************

প্রতিবছরের মতো এবছরও জামাইষষ্ঠীতে অর্ধদিবস ছুটি দিল রাজ্য সরকার। জামাইষষ্ঠী ১২ জুন বুধবার। গতকাল অর্থ দপ্তর থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ওই দিন দুপুর দু'টোয় ছুটি হয়ে যাবে।

সরকারি সমস্ত সংস্থার পাশাপাশি সব শিক্ষা প্রতিষ্ঠান, পুরসভা, নিগম, পঞ্চায়েত সহ সরকার অধীনস্থ সংস্থাগুলিতেও এই ছুটি ঘোষণা করা হয়েছে।

**************************

কলকাতায় বাংলাদেশের সাংসদ আনোয়ারুল আজিমের খুনের ঘটনায় আরেক অভিযুক্ত সিয়ামকে কাঠমান্ডুতে গ্রেফতার করেছে নেপাল পুলিশ। CID তাকে কলকাতায় আনার তোড়জোড় শুরু করেছে।

মূল অভিযুক্ত আখতারুজ্জামান ওরফে শাহিন এখন'ও অধরা। আমেরিকার নাগরিক শাহীনকে নিজেদের হেফাজতে নেওয়ার জন্য মার্কিন প্রশাসনের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে বলেও CID সূত্রে জানা গেছে।

শাহিনের অন্যতম প্রধান সহযোগী সিয়াম, কসাই জিহাদকে নিয়ে কয়েক মাস ধরে চিনার পার্কে ফ্ল্যাটেই ছিল বলে জানা গেছে। জিহাদ অবশ্য এখন সিআইডি হেফাজতে।

উল্লেখ্য, নিউটাউনের ফ্ল্যাটে ঝিনাইদহের সাংসদ আনোয়ারুলকে খুন করার পর দেহ টুকরো টুকরো করে লোপাট করা হয় বলে অভিযোগ। সেই দেহাংশ এখনও খুঁজে পাওয়া যায়নি।

***************************

নদীয়ার শান্তিপুর কলেজে গতকাল একদল ছাত্র ও কিছু বহিরাগতর আক্রমণে এক অধ্যাপকের মাথা ফাটে। আক্রান্ত রামকৃষ্ণ মন্ডলের অভিযোগ, তিনি কলেজের নির্মাণ কাজ দেখাশোনা করার সময় মাঝে মাঝেই তার কাছে টাকা চাওয়া এবং কাজের বরাত দেওয়ার জন্য চাপ দেওয়া হত। অনৈতিক এই সমস্ত কাজে সাড়া না দেওয়াতেই তাঁর উপর আক্রোশ। গতকাল তাঁকে স্টাফরুম থেকে বাইরে ডেকে আনার পর শুরু হয় বচসা, চলে এলোপাতাড়ি মারধর।

এদিকে ছাত্রদের একাংশ ওই অধ্যাপকের বিরুদ্ধে এক ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগ তোলে।

এই ঘটনার প্রেক্ষিতে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সুচিস্মিতা সান্যাল থানায় অভিযোগ দায়ের করেছেন।

**************************

নিউটাউনের রেস্তোরায় শ্যুটিং চলাকালীন, পার্কিং নিয়ে তৃণমূল কংগ্রেস বিধায়ক, অভিনেতা সোহম চক্রবর্তী গতকাল রেস্তোরার মালিকের সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন। তাঁর নিরাপত্তা রক্ষীরা রেস্তোরার পাঁচ/ছ'জনকে মারধোর করে এবং সোহম মালিককে লাথি ও ঘুষি মারেন বলে অভিযোগ। সোহমের বিরুদ্ধে ঐ রেস্তোরা মালিক অভিযোগ দায়ের করেছেন।

**************************

শিয়ালদা স্টেশনের ১ থেকে ৫ নম্বর প্ল্যাটফর্মে সংস্কারের কাজ চলায় গত মধ্যরাত থেকে শিয়ালদা মেন ও বনগাঁ শাখায় ট্রেন চলাচলা নিয়ন্ত্রণ করা হচ্ছে। এর জেরে চরম দুর্ভোগে পড়েছেন যাত্রীরা।

রেলের অনুরোধে পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম, আগামীকাল পর্যন্ত বিশেষ বাস পরিষেবা দিচ্ছে। ব্যারাকপুর স্টেশন থেকে টিটাগড়, খড়দা, পানিহাটী, রথতলা হয়ে ডানলপ এবং দমদম সেন্ট্রাল জেল থেকে, নাগের বাজার, শ্যামনগর, লেকটাউন ক্রসিং, পাতিপুকুর হয়ে বেলগাছিয়া মেট্রো স্টেশন পর্যন্ত এই বাস পরিষেবা পাওয়া যাচ্ছে।

**************************

দক্ষিণবঙ্গে ঘর্মাক্ত গরমে হাঁসফাঁস করছে মানুষ। উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হলেও, দক্ষিণবঙ্গে বর্ষা আসতে এখনও কিছুটা দেরি আছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে খবর। তবে স্থানীয়ভাবে কোথাও কোথাও বিক্ষিপ্ত বৃষ্টি হতে পারে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৯ ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের প্রায় ২'ডিগ্রি বেশী। সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন, আগামী দু-তিনদিনে তাপমাত্রা আরো বাড়বে। দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় তাপপ্রবাহের'ও সম্ভাবনা রয়েছে।

(বাইট- ওয়েদার সোমনাথ )

*********************************************************************